আজকের কাগজ

তারিখ 09 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

159

# কাউখালীতে প্রাথমিক শিক্ষার মান ক্রমশ কমছে

পার্বত্য জেলা রাংগামাটির কাউখালী থানার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক শিক্ষিকাদের অনুপস্থিতি, শিক্ষাঙ্গনে অমনোযোগিতা, ছাত্র-ছাত্রীদের প্রতি অবহেলা ইত্যাদি কারণে প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার মান ক্রমশ হ্রাস পাচ্ছে।

বিভিন্ন অভিভাবকদের অভিযোগে জানা গেছে কাউখালী থানার ৪টি ইউনিয়নের ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অধিকাংশ বিদ্যালয়গুলোতে শিক্ষকদের হাজিরা অত্যন্ত কম। পাহাড়ী অঞ্চলে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়গুলোতে ''শান্তিবাহিনীর'' অজুহাত দেখিয়ে শিক্ষক-শিক্ষিকারা নিয়মিত স্কুলে হাজির হন না।

ফলে, ঐসব প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার ক্রমশই হ্রাস পাচ্ছে এবং নতুন কোনো ছাত্র-ছাত্রী অভিভাবকরা স্কুলে দিচ্ছেন না।

অন্যদিকে, শিক্ষাদানে অমনোযোগিতা, ছাত্র-ছাত্রীদের প্রতি চরম অবহেলা ইত্যাদি কারণেও কাউখালী থানা সদরের স্কুলগুলোতেও ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। অভিভাবকমহল এই অব্যবস্থার অবসান ঘটানোর জন্যে থানা ও জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন। কাউখালী থেকে এ, টি, এম ফরুক।